জল নিকাশি নিয়ে চাপানোতর পানিপারুলের চাঁদলদা গ্রামে

নিজস্ব সংবাদদাতা, এগরা ঃ পূর্ব মেদিনীপুর জেলার এগরা ২নং ব্লকের পানিপারুলের চাঁদলদা গ্রামের ৫০টি পরিবার বছরের বেশিরভাগ সময় জলবন্দি হয়ে কাটাচ্ছেন। তবে সমস্যা বাড়ে বর্ষাকালে। আর সমস্যার অন্যতম কারণ এলাকার কিছু মাতব্বর জলনিকাশি দখল করে রাখায়। এর জেরে সারা বছর এই এলাকার মানুষদের নোংরা জলের উপর দিয়ে হাঁটাচলা করতে হয়। বর্ষাকালে এই জল বাড়ির মধ্যেও ঢুকে যায়। ভুক্তভোগীদের অভিযোগ, প্রশাসন থেকে একবার নিকাশি দখল মুক্ত করার পরে ফের এই লোকেরা কিছুদিন যেতে না যেতেই দখলে নেয় নিকাশি। আর তার জেরেই প্রাণ ওষ্ঠাগত এই এলাকার মানুষদের। চাঁদলদা গ্রামের বাসিন্দা যড়ানন দাস, অরিজিৎ দাস, মন্মথনাথ দাস প্রমুখরা জানিয়েছেন, তাঁদের গ্রামের কয়েকজন মাতব্বর জল নিকাশি বন্ধ করে রেখেছেন। জানা গেছে, এই দখলকারীদের দাবি, জল নিকাশির জমি রায়ত। তাঁদের পূর্ব পুরুষ ধরে এই জমি তাঁদের। কিন্তু গ্রামের কিছু মানুষ জোর করে এই জমির উপর দিয়ে নিকাশি নালা কেটে ক্যানেলে জল বের করার ব্যবস্থা করেছে। স্থানীয় অধিবাসীরা আবার জানিয়েছেন, দখলদারদের দাবি সম্পূর্ণ ভুয়ো। তাই অভিযোগ পাওয়ার পরে গত বছর এগরার মহকুমাশাসক ও এগরা-২ ব্লকের বিডিওর উপস্থিতিতে পানিপারুল পঞ্চায়েতের প্রধান নিকাশি জবর দখল মুক্ত করেছিলেন। চাঁদলদা গ্রামের বাসিন্দা ঝুমা দাস, তপতী দাস, মিনতি দাস, কবিতা দাসেরা জানিয়েছেন, বর্ষাকালে জল উপচে বাড়ির ভেতরে ঢুকে পড়ে। এছাড়াও সারা বছর নিকাশির নোংরা জল থাকে রাস্তার উপরে। ফলে তার উপর দিয়ে এলাকার সকল বয়সের পুরুষ ও মহিলাদের চলাচল করতে হয়। ফলে এলাকার অধিবাসীদের মধ্যে চর্ম রোগের প্রাদুর্ভাব বাড়ছে। ছোট ছোট ছেলে-মেয়ে ও বয়স্করা নানা রোগে আক্রান্ত হয়ে পড়ছেন। ফের এলাকার অধিবাসীরা পরিস্থিতি স্বাভাবিক করার দাবি জানিয়েছে স্থানীয় ব্লকের বিডিও, পঞ্চায়েতের প্রধান ও স্থানীয় পঞ্চায়েত সদস্যাকে আবেদন জানিয়েছেন। তাঁরা হুমকি দিয়েছেন প্রশাসন এই বিষয়ে দ্রুত কোন ব্যবস্থা না নিলে তাঁরা বড়সড় আন্দোলনে নামতে বাধ্য হবেন। স্থানীয় পঞ্চায়েত সদস্যা সন্ধ্যা রাণী দাস বলেন, সমস্যাটা দীর্ঘ দিনের। গত বছর ব্লক ও মহকুমা প্রশাসন সমস্যা সমাধানের ব্যবস্থা করেছিল। তারপরেও স্বাভাবিক হয়নি। তবে এবার যাতে তার স্থায়ী সমাধান করা যায় তাঁর তিনি উদ্যোগ গ্রহণ করবেন। এগরা-২ ব্লকের বিডিও রীণা ভট্টাচার্য বলেন, অভিযোগ পেয়েই আমরা বিষাদমান এলাকা পরিদর্শন করতে গিয়েছিলাম। জানিয়েছেন, জল নিকাশির সমস্যা যত তাড়াতাড়ি মেটানো যায় তার ব্যবস্থা নেওয়া হবে।

গিমাগেড়িয়ায় পবিত্র মহরম উপলক্ষ্যে বাসী মেলার সমাপ্তি অনুষ্ঠানে বলিউডের অভিনেতা আফতাব শিবদাসানিকে বরণ করে নিচ্ছেন আইনজীবী আবু সোহেল।

বিহার থেকে লোক ভাড়া করে এনে গুলি চালিয়েছে ঃ শুভেন্দু

সমীর মাহাত, ঝাড়গ্রাম ঃ গত ২০ সেপ্টেম্বর ইসলামপুরের দাঁড়িভিট হাইস্কুলে বিক্ষোভরত ছাত্রদের উপর গুলি চলে। মৃত্যু হয় ২ জনের। সেই ঘটনার প্রতিবাদে বাংলা বন্‌ধের ডাক দেয় বিজেপি। সে দিনের বন্‌ধেও রাজ্যের বিভিন্ন জায়গায় হামলা চলে। শুক্রবার রাজ্যের পরিবহণমন্ত্রী শুভেন্দু অধিকারী সাফ জানিয়ে দিলেন, পাশের রাজ্য বিহার থেকে লোক ভাড়া করে এনে পুলিশের উপর পাথর ছুড়েছে, সরকারি বাসে আগুন লাগিয়েছে, ভাঙচুর করেছে, সাধারণ মানুষের উপরও গুলি চালিয়েছে। যে ৫ জন ধরা পড়েছে তারা বিহারের। এদিন ঝাড়গ্রামের দুবরাতে নিহত তৃণমূল নেতা চন্দন ষড়ঙ্গীর স্মরণসভায় যোগ দিতে এসে এ কথা বলেন পরিবহণমন্ত্রী। পাশাপাশি তিনি বলেন, আমি নেতাই গণহত্যা দেখেছি ২০১১ সালের ৭ জানুয়ারি। আমি নিজে দাঁড়িয়ে থেকে নিহতদের লাশ দাহ করেছি। ইসলামপুরের ঘটনায় ডাকা বন্‌ধে আমি ৪ হাজার গাড়ির চালককে হেলমেট পরতে দিয়েছিলাম। আমি জানি ওই লুম্পেনরা গণ্ডগোল বাঁধাবে। আমি দেখেছি অনুজ পাণ্ডে, অনিল মাহাতর মতো মস্তানদের। এর আগে এখানে কমরেড প্রশান্ত দাস যারা বাইরে গেরুয়া, ভেতরে লাল, তাঁর রাঙা চোখ। আমি ভয় পায়নি। আমি ভয় পাওয়ার লোক নই। লরির উপরে দাঁড়িয়ে আমি সভা করে গেছি। ২০১০ সালে হামাদি, মাওবাদীরা ২৮৫ জনকে খুন করেছে। ২০১১ সালেও তারা খুন করেছে। বাবু বোস, লালমোহন মাহাত, রবীন্দ্রনাথ মিশ্রকে খুন করেছে এরা। তখন বলেছিলাম আর খুন হতে দেব না। তিনি বলেন, রাজ্য সরকারের উন্নয়ন থেকে মানুষের দৃষ্টি ঘোরাতেই বিজেপি পশ্চিমবঙ্গে খুনের রাজনীতি করছেন। তবে এ সব করে যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাবমূর্তিকে নষ্ট করা যাবে না, তা তিনি আত্মবিশ্বাসের সঙ্গেই দাবি করেন।

পুজোর আগে দোকানঘর ভেঙে ফেলার নির্দেশ
শতাধিক ব্যবসায়ী লাগাতার অবস্থান বিক্ষোভে

নিজস্ব সংবাদদাতা, সবং ঃ কলকাতা হাইকোর্টের নির্দেশে তেমাথানি থেকে দশগ্রাম যাওয়ার রাস্তার ধারে যে সমস্ত দোকানঘর আছে অবিলম্বে সেগুলি ভেঙে ফেলার নির্দেশ জারি হয়েছে। আর এই ঘটনাকে কেন্দ্র করেই চূড়ান্ত ক্ষোভে ফুঁসছেন এলাকাবাসীরা। তাঁদের অভিযোগ, পুজোর মুখে হঠাৎই এমন নির্দেশ আসায় পরিবার নিয়ে পথে বসার উপক্রম হয়েছে শতাধিক ব্যবসায়ীদের। এরই প্রতিবাদে গত ৩ দিন ধরেই অবস্থান বিক্ষোভে সামিল হয়েছেন ব্যবসায়ীদের সংগঠন। দোকান ভেঙে ফেলার নির্দেশের প্রতিবাদে শনিবার তেমাথানি সহ বিস্তীর্ণ এলাকার ব্যবসায়ীরা ব্যবসা বন্‌ধের ডাক দিয়েছেন। প্রসঙ্গত, গত বছর পশ্চিম মেদিনীপুরের সবং ব্লকের তেমাথানি বাজার ভেঙে ফেলার জন্য হঠাৎই একটি বিজ্ঞপ্তি জারি হয়েছিল। সেখানে লেখা ছিল, তেমাথানি থেকে দশগ্রাম যাওয়ার রাস্তার ধারে যে সমস্ত দোকানঘর আছে অবিলম্বে সেগুলি ভেঙে ফেলতে হবে। তবে গত এক বছরে অনেকটাই জল গড়িয়েছে। কিন্তু তারপর পুনরায় কিছুদিন আগে আবারও নির্দেশ আসে, কিছুদিনের মধ্যেই সমস্ত দোকানঘর ভেঙে ফেলতে হবে। এই খবর পাওয়ার পরেই তেমাথানি বাজারের দোকানদাররা এই ঘটনার প্রতিবাদে সরব হয়েছেন। কেন এই দোকানঘর ভাঙা হবে সেই প্রশ্ন তুলে ধরেছেন প্রায় একশো জন দোকানদার। তাঁদের দাবি, কী কারণে সরকার এই দোকানঘরগুলি ভাঙবে, তা আমাদের জানাতে হবে এবং যদি উন্নয়নমূলক কাজ হয় তাহলে আমাদেরকে পুনর্বাসন দিতে হবে। আমরা আমাদের পরিবারকে নিয়ে কোথায় থাকব? এই দাবি তুলে গত ৩ দিন ধরে প্রায় ১০০ জন দোকানদার অবস্থান বিক্ষোভে সামিল হয়েছেন। এমনকি পুনর্বাসন এবং কী কারণে ভাঙা হবে তা নিয়ে জেলাশাসক, বিডিও, পিডব্লুডি, মহকুমাশাসক সহ বিভিন্ন আধিকারিকদের জানানো হয়েছে বলেও জানান দোকানদাররা। এরপরেও যদি সুরাহা না মেলে তাহলে বৃহত্তর আন্দোলনে নামবেন দোকানদাররা। এব্যাপারে খড়গপুরের মহকুমা শাসক সুদীপ সরকার জানান কোর্টের অর্ডার আছে ভাঙা হবে। কী হবে, কী কারণ, তা আমরা জানি না। তবে পুনর্বাসনের ব্যবস্থা আমরা করার চেষ্টা করছি। অপরদিকে রাজ্যসভার সাংসদ মানসরঞ্জন ভুঁঞ্যা জানান, এটা সরকারের নির্দেশ নয়। কাঁথির এক ব্যক্তি এখানে ব্যবসা করতেন। তাঁর সঙ্গে কিছু ঝামেলা হয়। পরে উনি মামলা করেন হাইকোর্টে, যে তেমাথানি এলাকা খুবই যানজট প্রবণ, জায়গাও ছোট। তাই সেই মামলার প্রেক্ষিতেই হাইকোর্টের নির্দেশে ওই সমস্ত দোকানঘর ভাঙার নির্দেশ এসেছে। আমরা সরকারি ভাবে ওদের পুনর্বাসন দেওয়ার চেষ্টা করছি।

পরিবহন মন্ত্রীর নামে ফেসবুকে কু-প্রচার, গ্রেফতার যুবক

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ রাজ্যের পরিবহন ও পরিবেশ মন্ত্রী শুভেন্দু অধিকারী ও তমলুকের সাংসদ দিব্যেন্দু অধিকারীর বিরুদ্ধে সোস্যাল মিডিয়ায় করুচিকর মন্তব্য করায় এক যুবককে গ্রেফতার করল পুলিশ। ধৃতের নাম রবীন্দ্র পণ্ডা। বাড়ি পূর্ব মেদিনীপুর জেলার কাঁথি থানার বাঁকাবেরিয়া গ্রামে। পূর্ব মেদিনীপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার ইন্দ্রজিৎ বসু জানিয়েছেন, ফেসবুকে রবীন্দ্র পণ্ডা নামের এই যুবক পরিবহন ও পরিবেশ মন্ত্রী শুভেন্দু অধিকারী ও তমলুকের সাংসদ দিব্যেন্দু অধিকারীর বিরুদ্ধে কু-রুচিকর পোস্ট করেছিল। এটা দেখার পরে বনমালীপুরের বাসিন্দা দেবকুমার মাইতি নামের এক যুবক থানায় অভিযোগ দায়ের করে। সেই অভিযোগ পাওয়ার পরেই কাঁথি থানার পুলিশ রবীন্দ্র পণ্ডাকে গ্রেফতার করে।

সিনি ময়নায় তামাক বর্জনের পক্ষে র‍্যালি

নিজস্ব সংবাদদাতা, ময়না ঃ ময়না থানার অন্তর্গত সিনি ময়নায় একটি সমাজসেবী সংস্থা 'চিলড্রেল ইন্টার ন্যাশনাল সহায়'-এর উদ্যোগে সিনি ময়নায় তামাকজাত দ্রব্য বর্জনের পক্ষে একটি সচেতনতা মিছিল করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ময়না ব্লকের জয়েন্ট বিডিও প্রসেনজিৎ মন্ডল, ময়না ২নং অঞ্চলের প্রধান মৌমিতা দোলই, সিনি ময়নার কোষাধ্যক্ষ রঞ্জিত হাজার সহ বিশিষ্ট ব্যক্তি সমূহ। সিনি ময়নার অফিস থেকে পূর্ব দক্ষিণ ময়নার বালিকা বিদ্যালয় পর্যন্ত প্রায় ৩ কিমি রাস্তা র‍্যালি করে ছাত্রছাত্রীরা তামাকজাত দ্রব্যের ক্ষতিকারক দিক প্রচার করে। কার্টুন, আদিবাসী নৃত্য, বাদ্যযন্ত্র, ট্যাবলো সহযোগে এই র‍্যালি মানুষের দৃষ্টি আকর্ষণ করে। কোনও অসুবিধা যাতে না হয় সেই কারণে সমস্ত সময় র‍্যালির সঙ্গে ময়না থানার পুলিশ এবং সিভিক ভলেন্টিয়ার সঙ্গে থেকে সমস্ত ছাত্র-ছাত্রীকে সুষ্ঠুভাবে চালনা করেন। চিলড্রেন ইন্টারন্যাশনাল সহায় -এর প্রতিনিধি পাপু দাস জানান, আমাদের উদ্যোগে রাজ্যের বিভিন্ন জায়গায় এই ধরনের সচেতনতামূলক প্রোগ্রাম হয়ে থাকে। আজ ময়নার সিনি ময়নার উদ্যোগে এই ধরনের র‍্যালি অনুষ্ঠিত হয়েছে। এলাকার মানুষকে তামাকজাত দ্রব্য সম্পর্কে সচেতন করার লক্ষ্যে এই প্রয়াস।

আজ উত্তাল হতে পারে দিঘার সমুদ্র, সতর্কতা প্রশাসনের

নিজস্ব সংবাদদাতা, দিঘা ঃ রবিবার উত্তাল হতে পারে পূর্ব মেদিনীপুর জেলার সৈকত শহর দিঘা, মান্দারমণির সমুদ্র সৈকত। তটে আছড়ে পড়তে পারে বড় বড় সামুদ্রিক ঢেউ। তাই আগাম সর্তকতা গ্রহণ করল পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন। প্রাকৃতিক দুর্যোগ বিষয়ে কেরল এবং পশ্চিমবঙ্গের জন্যে বিশেষ সতর্কতা জারি করেছে হায়দ্রাবাদের ইন্ডিয়ান ন্যাশনাল সেন্টার ফর ওসান ইনফরমেশন সার্ভিসেস। ইন্ডিয়ান ন্যাশনাল সেন্টার ফর ওসান ইনফরমেশন সার্ভিসেস বা ইনকয়েস তার সতর্কবার্তায় জানিয়েছে, এরফলে রাজ্যের উপকূলবর্তী অঞ্চল প্লাবিত হতে পারে। আর তার জেরেই চিন্তার ভাঁজ পড়েছে ব্যবসায়ী মহলে। তাঁরা জানিয়েছেন, আসন্ন উৎসবের মরসুমের আগে এইভাবে মাঝে মধ্যেই প্রাকৃতিক দুর্যোগের জেরে অনেকেই বাড়ি ছেড়ে বাইরে বের হতে চান না। ফলে ব্যবসায় এর খারাপ প্রভাব পড়ার সম্ভাবনা তৈরি হয়। চিন্তায় পড়েছেন সমুদ্র উপকূলবর্তী এলাকার অধিবাসীরাও। যদিও এই নিয়ে কোনও দুশ্চিন্তা না করতে অনুরোধ করেছে পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন। সমস্ত প্রতিকূল পরিস্থিতি সামলানোর জন্যে তাঁরা তৈরি বলে দিঘা শঙ্করপুর উন্নয়ন পর্ষদের তরফে জানানো হয়েছে। পাশাপাশি মৎস্যজীবীদের সমুদ্র থেকে ফিরে আসার জন্যে নির্দেশ দেওয়া হয়েছে। আজ রবিবার সমুদ্রে স্নান করতে নেমে পর্যটকদের যাতে দুর্ঘটনার কবলে পড়তে না হয় তার জন্যেও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে দিঘা থানার তরফে জানা গেছে।

বিদ্যাসাগর বিদ্যাপীঠে গালর্স হাইস্কুলের হীরক জয়ন্তী উপলক্ষ্যে প্রাক্তনী পুনর্মিলন উৎসব

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ মেদিনীপুর শহরের বিদ্যাসাগর বিদ্যাপীঠে গালর্স হাইস্কুলের দ্বিতীয় পর্বের হীরক জয়ন্তী উৎসবের তৃতীয় দিনে শুক্রবার অনুষ্ঠিত হল প্রাক্তনী পুনর্মিলন উৎসব। ভগৎ সিং জন্মদিনের এই দিনটি ভগৎ সিং দিবস হিসাবে পালিত হয়। অনুষ্ঠানের শুরুতে পতাকা উত্তোলনের পাশাপাশি বিদ্যাসাগর, ভগৎ সিং ও প্রতিষ্ঠাতা জগদীশ চন্দ্র দাসের প্রতিকৃতিতে মাল্যদান করা হয়। প্রাক্তনীদের অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন মোম চক্রবর্তী। প্রাক্তনীর অনুষ্ঠানে বিশেষ আলোচনায় অংশ নেন লেখিকা তথা সমাজকর্মী রোশেনারা খান। প্রাক্তনীর তরফে বিশেষ সম্মাননা জানানো হয়। বিদ্যালয়ের কৃতী প্রাক্তনী পর্বতারোহী সুজাতা ভট্টাচার্য, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা স্বাতী বন্দ্যোপাধ্যায় সহকারী প্রধান শিক্ষিক নন্দিতা দাস মহাপাত্র, প্রাক্তনীদের মুখ্য উপদেষ্টা গৌরী প্রতিহার এবং বর্ষীয়ান প্রাক্তনী তুলু সাহাকে।

প্রাক্তনীর অনুষ্ঠানে সঞ্চলনা করেন শতাব্দী গোস্বামী চক্রবর্তী ও মোম চক্রবর্তী। শুক্রবারের বৈকালিক ও সান্ধ্যকালীন অনুষ্ঠানে হীরক জয়ন্তী উৎসবে যোগ দিতে বিদ্যালয়ের উপস্থিত হন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়, পর্ষদ প্রতিনিধি রাজীব মান্না, জেলা পরিষদের সহ-সভাধিপতি অজিত মাইতি, জেলা পরিষদের বিদায়ী শিক্ষা কর্মাধ্যক্ষ শ্যামপদ পাত্র, জেলা পরিষদ সদস্য রামগিরি প্রমুখ। উপস্থিত সরকারি প্রতিনিধিরা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা স্বাতী বন্দ্যোপাধ্যায়ের আবেদনে সাড়া দিয়ে জানান, আগামী দিনে বিদ্যালয়ের সবরকম মানোন্নয়নে তাঁরা বিদ্যালয়ের পাশে থাকবেন। উপস্থিত ছিলেন উৎসবের কার্যকরী সভাপতি প্রসুন কুমার পড়িয়া ও সম্পাদক সেক পাঞ্জাব আলি প্রমুখ। এদিন সন্ধ্যায় আবৃত্তি, সঙ্গীত, নৃত্য, সমবেত সঙ্গীত ও সমবেত নৃত্যে মাধ্যমে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন বিদ্যালয়ের নবীন ও প্রবীন প্রাক্তনীরা। প্রাক্তনীর পক্ষে দ্রুত সাংস্কৃতিক অনুষ্ঠান উপস্থাপন করেন গোপা ব্যানার্জী, গৌরী প্রতিহার, পলি সুর, অর্পিতা মিত্র, আয়ুসী কর, অনন্যা প্রতিহার, সমাপ্তি মুখার্জি, টিনা দত্ত, রিদিম দাস, মোম চক্রবর্তী, শতাব্দী গোস্বামী সহ সমস্ত প্রাক্তনীরা। নৃত্যালেখ্য আগমনী, সমবেত আবৃত্তি মাতৃরূপেন সংস্থিতা, আবৃত্তি সহযোগে নৃত্য প্রথম প্রেম-এর মত উপস্থাপনাগুলি উপস্থিত হৃদয় জয় করে নেয়

প্রেমে চিড়! মানসিক অবসাদে আত্মঘাতী যুবক

নিজস্ব সংবাদদাতা, পটাশপুর ঃ গলায় নাইলনের দড়ির ফাঁস লাগিয়ে আত্মঘাতী হল এক যুবক। মৃত যুবকের নাম সঞ্জয় দাস (২৮)। মৃত সঞ্জয়ের বাড়ি পটাশপুর থানার খাড় মলিপাটনার গ্রামে। পুলিশ সূত্রে জানা গেছে, শনিবার সকালে বাড়ির কড়িকাঠে গলায় নাইলন দড়ির ফাঁস লাগানো অবস্থায় দেখতে তার দেহ পান পরিবারের লোকেরা। ঘটনাটি প্রতিবেশীরা জানতে পেরে থানায় খবর দেন। পটাশপুর থানার পুলিশ গিয়ে বাড়ি থেকে ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করে কাঁথি হাসপাতালে ময়নাতদন্তে পাঠিয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, মৃত সঞ্জয়ের সঙ্গে এলাকার এক যুবতীর প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। বেশ কিছুদিন আগে সেই সম্পর্কের মধ্যে চিড় ধরে। এরপর থেকেই সঞ্জয় মানসিকভাবে ভেঙে পড়ে। সেই কারণে আত্মঘাতী বলে স্থানীয় বাসিন্দাদের অনুমান।

বিষমদ কাণ্ডের পর দাঁতনে চোলাই অভিযান

নিজস্ব সংবাদদাতা, দাঁতন ঃ বিষমদ কাণ্ডে সাজা ঘোষণার পর নড়েচড়ে বসলো প্রশাসন। শনিবার বড় সড় অভিযান চালালো জেলা আবগারি দফতর। এদিন দাঁতন থানার মোয়ারুই গ্রামে অভিযান চালিয়ে নষ্ট করা হয় বিপুল পরিমান চোলাই মদ ও মদ তৈরির সরঞ্জাম। গোপন সূত্রে খবর পেয়ে আবগারি দফতরের কর্মীরা সকাল সকাল অভিযান চালান গ্রামে। বেশ কয়েক হাজার লিটার চোলাই মদ উদ্ধার করে নষ্ট করে দেওয়া হয়। জেলা আবগারি আধিকারিক একলব্য চক্রবর্তী জানান, বিপুল পরিমাণ রাজস্ব ফাঁকি দিয়ে বেআইনিভবে এই মদের ভাটিগুলি চলছিল। সারা জেলা জুড়ে এভাবে অভিযান চালানো হচ্ছে।